

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৯৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় আগমনের সময় মুসলিমদের কর্তৃক মসজিদে নববী নির্মাণ করার বর্ণনা

ذِكْرُ وَصنْفِ بِنَاءِ مَسْجِدِ الْمَدِينَةِ الَّذِي بَنَاهُ الْمُسْلِمُونَ عِنْدَ قُدُومِهِمْ إِيَّاهَا

আরবী

1599 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ حَدَّثَنِي عَمِّي حَدَّثَنَا أَبِي عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ عَنْ نَافِعِ: عَنِ ابْنِ عُمَرَ أَخْبَرَ أَنَّ الْمَسْجِدَ كَانَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَبْنِيًّا مِنْ لَبِنِ وَسَقْفُهُ الْجَرِيدُ وَعُمُدُهُ خَشَبُ النَّخْلِ فَلَمْ يَزِدْ فِيهِ أَبُو بكر وزاد فيه عمر وَيَنَاهُ عَلَى بُنْيَانِهِ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ باللَّبِنِ وَالْجَرِيدِ وَأَعَادَ عمده خشباً ثم غيَّره عثمان وَزَادَ فِيهِ زِيَادَةً كَبِيرَةً عَلَيْهِ وَسَلَّمَ باللَّبِنِ وَالْجَرِيدِ وَأَعَادَ عمده خشباً ثم غيَّره عثمان وَزَادَ فِيهِ زِيَادَةً كَبِيرَةً وَبَنَى جَدَارَةً مِنْ حَجَارَةٍ مَنْقُوشَةٍ وَسَقَفَهُ بالساج. وَيَنَى جِدَارَةٍ مَنْقُوشَةٍ وَسَقَفَهُ بالساج. الراوي : ابْن عُمْرَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : ابْن عُمْرَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1599 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1599 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

বাংলা

১৫৯৯. আব্দুল্লাহ ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জামানায় মসজিদ নির্মিত হয়েছিল কাঁচা ইট দিয়ে, তার ছাদ ছিল খেজুর গাছের কান্ড, আর খুঁটি ছিল খেজুর গাছের কাঠ দিয়ে। অতঃপর আবৃ বকর রাদ্বিয়াল্লাহু আনহু তাতে কোন কিছু বৃদ্ধি করেননি। উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাতে কিছুটা বৃদ্ধি করেন। তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ভিত্তির উপর কাঁচা ইট ও খেজুরের কান্ড দিয়ে ভিত্তি স্থাপন করেন এবং তার খুঁটি কাঠ হিসেবে বহাল রাখেন। তারপর উসমান রাদ্বিয়াল্লাহু আনহু তাতে পরিবর্তন সাধন করেন, তাতে তিনি ব্যাপক পরিবর্তন নিয়ে আসেন। তিনি তার দেওয়াল ও খুঁটি দেন নকশি পাথর দিয়ে এবং তার ছাদ দেন সেগুন গাছের কাঠ দিয়ে।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৩০; সুনান বাইহাকী: ২/২৩৮; সহীহ আল বুখারী: ৪৪৬; আবূ দাঊদ: ৪৫১; দালাইলুন নুবুওয়াত: ২/৫৪১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন